# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ৭৩৬

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৭. দ্বিতীয় অনুচ্ছেদ - মসজিদ ও সালাতের স্থান

### আরবী

وَعَن مُعَاوِيَة بن قُرَّة عَنْ أَبِيهِ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نَهَى عَنْ هَاتَيْنِ الشَّجَرَتَيْنِ يَعْنِي الْبَصَلَ وَالثُّومَ وَقَالَ: «مَنْ أَكَلَهُمَا فَلَا يَقْرَبَنَّ مَسْجِدنَا» . وَقَالَ: «إِن كُنْتُم لابد آكليهما فأميتوهما طبخا» . رَوَاهُ أَبُو دَاوُد

### বাংলা

৭৩৬-[৪৮] মু’আবিয়াহ্ ইবনু কুররাহ্ (রহঃ) হতে তার পিতার সূত্রে বর্ণিত। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দু’টি গাছ অর্থাৎ- পিঁয়াজ ও রসূন খেতে নিষেধ করেছেন। যে তা খাবে সে যেন আমাদের মসজিদের কাছে না আসে। তিনি আরো বলেছেন, যদি তোমাদের একান্তই খেতে হয় তবে তা পাকিয়ে দুর্গন্ধ দূর করে খাও। (আবূ দাঊদ)[1]

### ফুটনোট

[1] সহীহ : আবূ দাঊদ ৩৮২৭, সিলসিলাহ্ আস্ সহীহাহ্ ৩১০৬।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যে দু’টি গাছ খেতে নিষেধ করেছেন, সে দু’টি গাছ হলো পিঁয়াজ এবং রসুন, অর্থাৎ- পিঁয়াজ জাতীয় সবজি। আর কেউ যদি এগুলো খায় তাহলে সে যেন মুসলিমদের মসজিদের নিকটে না আসে। দ্বিতীয় বাক্যটি প্রথম বাক্যের ব্যাখ্যা। এখানে প্রথম বাক্য দ্বারা ঐ দু’টি সবজি খাওয়া নিষিদ্ধ করা হলেও পরবর্তী বাক্যে নিষেধাজ্ঞাকে শর্তযুক্ত করে শিথিল করা হয়েছে। দুর্গন্ধ দূর করে মসজিদে ঢোকা নিষেধাজ্ঞার আওতামুক্ত।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55293

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন